[illegible]

[illegible], [illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 17 Aug 2025

**Application Deadline:**4 Sep 2025

# বান্দরবান পৌরসভা কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা
ই-মেইল: bandarbanmunicipal@gmail.com
ওয়েব সাইট: www.bdbps.org

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ১২ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.০০০১.২৫-৫৬৩ নং ছাড়পত্র মোতাবেক বান্দরবান পৌরসভা কার্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল/গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ | এইচএসসি পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার টাইপিংয়ে বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণির কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তবে এ পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ২. | সহকারী এ্যাসেসর | ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে) |
| ৩. | সহকারী কর আদায়কারী | ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে) |
| ৪. | নক্সাকার | ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ০১ | ডিপ্লোমা (সিভিল) কোর্সের স্বীকৃত প্রতিষ্ঠান হতে অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| ৫. | কার্য-সহকারী | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। (কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে) |
| ৬. | টিকাদানকারী | ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭) | ০১ | এসএসসি পাশ হতে হবে। টিকাদান কাজে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৭. | জীপ চালক | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ | এসএসসি পাশ হতে হবে। ভারী যান চালনার বৈধ লাইসেন্সধারী এবং ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | ট্রাক চালক | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ | এসএসসি পাশ হতে হবে। ভারী যান চালনার বৈধ লাইসেন্সধারী এবং ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৯. | নৈশ প্রহরী | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | ৮ম শ্রেণি পাশ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। |
| ১০. | দারোয়ান | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | ৮ম শ্রেণি পাশ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। |

**শর্তাবলী :**

১) প্রার্থীর বয়সসীমা ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

২) আবেদনে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর (এনআইডি), জন্ম তারিখ ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখে বয়স, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, যোগাযোগের ঠিকানা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ০৪/০৯/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে প্রশাসক, বান্দরবান পৌরসভা বরাবর পৌছাতে হবে।

৩) আবেদনপত্রের সাথে প্রার্থীর ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, খ) শিক্ষাগত যোগ্যতার এবং অভিজ্ঞতার মূল সনদের প্রথম শ্রেণির গেজেটেড অফিসার (নাম, পদবি ও সীল সম্বলিত) কর্তৃক সত্যায়িত অনুলিপি, গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র বা প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), ঙ) অনলাইনকৃত জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি, চ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার (নাম, পদবি ও সীল সম্বলিত) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ০১ (এক) কপি সংযুক্ত করতে হবে।

৪) অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সু-স্পষ্ট নাম, পদবি ও সীলমোহর থাকতে হবে। কোন তফসিলভুক্ত ব্যাংক হতে প্রশাসক, বান্দরবান পৌরসভার অনুকূলে সর্বশেষ সরকার কর্তৃক নির্ধারিত ১১তম গ্রেডের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা, ১৩-১৬তম গ্রেডের জন্য ১০০/-(একশত) টাকা এবং ১৭-২০তম গ্রেডের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

৫) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে ।

৭) সরকারি/আধা সরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

৮) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে আবেদন আপনা-আপনি বাতিল বলে গণ্য হবে ।

৯) আবেদনপত্রের খামের শিরোভাগে প্রার্থীত পদের নাম, প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম লাল কালিতে উল্লেখ করতে হবে।

১০) যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন, সে সকল প্রার্থীরা সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না ।

১১) কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।

১২) প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। প্রাথমিকভাবে বাছাইয়ের পর কেবলমাত্র যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলে বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে। এছাড়া কম্পিউটার টাইপিংয়ে ব্যবহারিক পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ৩০ (ত্রিশ) এবং ইংরেজিতে ৪০ (চল্লিশ) শব্দ নির্বাচন করা হবে। নির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না ।

১৩) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪) কোন প্রকার তথ্য গোপন করে/ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলেও প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক হতে হবে।

১৫) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজের নাম, ঠিকানা ও পদের নাম উল্লেখ করে ৯″ x ৪″ সাইজের একটি আলাদা খাম ১০ (দশ) টাকার ডাক টিকেটসহ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ।

১৬) নিয়োগের ক্ষেত্রে পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এবং এ সংক্রান্ত বিধি বিধান (সর্বশেষ সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭) নিয়োগের ক্ষেত্রে কোন ধরনের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৮) নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন বিষয় সংশোধনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪/০৮/২৫

**এস, এম, মনজুরুল হক**
প্রশাসক
বান্দরবান পৌরসভা

স্মারক নং- বাঃপৌঃ/সাধাঃ/দুই-৩৪/২০২৫/৭৭৭
তারিখ :১৪/০৮/২০২৫

নং-১৫৭/০৮